আয়ারল্যান্ড

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# রিসেপশনের সময় আপনার অধিকার ও বাধ্যবাধকতা



**এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:**

- **আপনার বয়স 18 বছরের নিচে হয়**
- **আপনি আপনার মা-বাবার মধ্যে একজন বা দুজনের সঙ্গে এসে থাকেন,**
- **আপনি এবং আপনার পরিবার অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন (যাকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়)** আয়ারল্যান্ডএ।

BENGALI

আপনি এবং আপনার পরিবার এই দেশে নিরাপদ 3

কারা আপনাকে সাহায্য করতে পারেন? 3

আপনি ও আপনার পরিবার কী পাবে? 4

স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার 6

কর্মীদের জানান 7

সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী? 8

শিক্ষার অধিকার 8

কাজ করার অধিকার 9

আপনার অ্যাসাইলাম প্রার্থীতার নথি 9

আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন? 10

যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন? 11

আপনি ও আপনার পরিবারের রিসেপশনে কী কী বাধ্যবাধকতা আছে? 12

আপনি বা আপনার পরিবার আপনাদের বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হলে কী হবে? 13

আন্তর্জাতিক সুরক্ষা চাওয়ার নিয়ম ও EU+ দেশের ভ্রমণের নিয়ম 14

যদি আপনি ও আপনার পরিবার কোনো দেশে চলে যান, তাহলে কী হবে? 15

যদি কর্তৃপক্ষের সিদ্ধান্তে আপনি ও আপনার পরিবার অসন্তুষ্ট হন, তাহলে কী করে সাহায্য পাওয়া যাবে? 16


যদি কোনো সহায়তা বদলে যায়, তাহলে কী হবে? 16

যোগাযোগের তথ্য 17

আপনি ও আপনার পরিবার কর্তৃপক্ষকে জানিয়েছেন যে আপনারা আপনাদের দেশে ফিরে যেতে পারেন না, কারণ আপনারা বিপদে আছেন। তাই আপনারা অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন। আপনি ও আপনার পরিবার এখন **আয়ারল্যান্ড**-এ অ্যাসাইলাম প্রার্থী।

## ?

ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।



আপনি এই দেশে থাকাকালীন, নিচের পেশাদার লোকেরা আপনাকে সাহায্য করতে পারেন, যেমন:

- একজন **সামাজিক কর্মী** আপনাকে ও আপনার পরিবারকে প্রতিদিনের দরকারে সাহায্য করবেন, অথবা এমন কারও সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন, যিনি কোনো নির্দিষ্ট বিষয়ে সাহায্য করতে পারেন।
- একজন **চিকিৎসক** বা **নার্স** আপনাকে সাহায্য করবেন, যদি আপনি অসুস্থ বোধ করেন, আহত হন, বা কোনো চিকিৎসার প্রয়োজন হয়।
- **একজন মনোবিজ্ঞানী** আপনাকে সাহায্য করবেন যদি আপনি বিষণ্ণ, রাগান্বিত, ভীত বা চিন্তিত বোধ করেন, বা ঘুমাতে সমস্যা হয়।
- একজন **আইনি পরামর্শদাতা** আপনাকে ও আপনার পরিবারকে বুঝতে সাহায্য করবেন অ্যাসাইলাম প্রসিডিউরে কী হবে, আর যদি মনে হয় আপনাদের অধিকার মানা হচ্ছে না, তখন কী করতে হবে।
- **একজন দোভাষী** আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করতে পারে যা আপনি বুঝতে পারেন। তাদের কাজ হলো, আপনি ও অন্যরা যা বলছে, তা ঠিকভাবে অনুবাদ করা।


আপনার কোনো সমস্যা আছে কি? আপনি সব সময় স্টাফদের কাছে সাহায্য ও সমর্থনের জন্য প্রশ্ন করতে পারেন। ভয় পাবেন না, সমস্যাগুলো একসাথে সমাধান করা যায়।

## ন?

কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম সংক্রান্ত আবেদন পরীক্ষা করার জন্য যে সময় নেবেন সেই সময় পর্যন্ত অপেক্ষা করাকালীন আপনারা বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।

একজন শিশু ও অ্যাসাইলাম প্রার্থী হিসেবে আপনার কিছু অধিকার আছে, কিন্তু কিছু বাধ্যবাধকতাও আছে যেগুলো পালন করা খুব গুরুত্বপূর্ণ। এগুলো এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

এই ব্রোশারের কোনো অংশ যদি আপনি বুঝতে না পারেন, অথবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে সিটিওয়েস্ট রিসেপশন সেন্টারের কর্মীদের এবং আপনার বাবা-মাকে জিজ্ঞাসা করুন।



এই দেশে থাকাকালীন, কর্মীরা আপনাদের পরিস্থিতি অনুযায়ী আরো তথ্য দেবে। আপনি যেকোনো সময় প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

**আপনার ও আপনার পরিবারের পরিস্থিতির ওপর নির্ভর করে, আপনারা যা পাবেন:**



- একটি ঘুমানোর জায়গা



- খাবার



- কাপড়



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- আপনার পরিবার দৈনন্দিন খরচের জন্য কিছু অর্থও পেতে পারে।

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যেন আপনি প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পান।**

**আপনার যদি কোনো শারীরিক সমস্যা থাকে, তাহলে সেটা আপনার পরিবার ও কর্মীদের জানাতে পারেন।** আপনার যদি দরকার হয়, তারা আপনাকে নার্স বা চিকিৎসকের কাছে যেতে সাহায্য করবেন।



যদি ডাক্তার মনে করেন দরকার আছে, তবে তিনি ওষুধ দেবেন এবং বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেবেন।


আপনাকে নার্স বা ডাক্তারের কাছে স্বাস্থ্য পরীক্ষার জন্য যেতে হবে কিনা, তা কর্মীরা আপনাকে ও আপনার পরিবারকে জানিয়ে দেবেন।
তারা আপনার স্বাস্থ্যের খোঁজখবর নেবেন এবং আপনাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
যদি আপনি হঠাৎ অসুস্থ বা আহত হন, তাহলে অবিলম্বে আপনার বাবা-মা বা কর্মীদের জানান। আপনি বাড়ির বাইরে থাকলে, টোল-ফ্রি জরুরি নম্বর ১১২ বা ৯৯৯-এও ফোন করতে পারেন।

:





- আপনি অসুস্থ, আঘাত পেয়েছেন, বা জরুরি চিকিৎসা বা ওষুধের দরকার হয়
- আপনি যদি মাদকদ্রব্য ব্যবহার করেন বা মদ্যপান করেন
- আপনি যদি আগে কখনো বা এখন কারো কাছ থেকে মারধর বা খারাপ ব্যবহার পেয়ে থাকেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনি যদি নিজে হাঁটতে না পারেন, বা শুনতে বা দেখতে সমস্যা হয়
- আপনি যদি খুব চিন্তিত, বিষণ্ণ হন, ঘুমাতে না পারেন, বা আপনার মনে কোনো নেতিবাচক চিন্তা থাকে
- আপনি যদি কারও কারণে ভয় পান, সেটা অপরিচিত কেউ হোক বা পরিচিত কেউ
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনি যদি আপনার ধর্ম, ভালোবাসা, পোশাক বা আচরণের কারণে নিজেকে অসুরক্ষিত মনে করেন
- আপনার পরিবারের কারও সাহায্যের প্রয়োজন হয়।



## ?



এটা এমন একটি কার্যকলাপ, যেখানে আপনি অন্যান্য কর্মীদের সাথে দেখা করবেন, যারা আপনাকে কিছু প্রশ্ন করবেন:

- আপনার **প্রয়োজনগুলো** বুঝতে
- আপনি কোন ধরনের **সহায়তা** চান তা ঠিক করতে।

এটি কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে, যেমন, আপনি ও আপনার পরিবার কোথায় থাকবেন তা নির্ধারণ করতে।

আপনি নার্স, চিকিৎসক ও কর্মীদের উপর আস্থা রাখতে পারেন। আপনি চাইলে তাদের সব কিছু জানাতে পারেন। আপনি যা বলবেন, তা আপনার বিনা অনুমতিতে আপনার মা-বাবা ছাড়া অন্য কাউকে জানানো হবে না। এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।



একজন শিশু হিসেবে আপনার শেখার ও শিক্ষা লাভের অধিকার আছে। যদি আপনি স্কুলে যান আর সেই সময়ের মধ্যে আপনার বয়স 18 হয়ে যায়, তবুও আপনি পড়াশোনা শেষ না হওয়া পর্যন্ত স্কুলে যেতে পারবেন।

এখানকার কর্মীরা আপনাকে ও আপনার পরিবারকে কাছের কোনো স্কুলে ভর্তি হতে সাহায্য করবে। তারা আপনাকে ভাষা প্রস্তুতির ক্লাস এবং অন্যান্য কোর্স সম্পর্কেও জানাবে।

কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক বিষয়গুলি সম্পর্কে জানাবেন যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।





আপনার বয়স ও পরিস্থিতির ওপর নির্ভর করে, আপনি চাইলে আয়ারল্যান্ডে কাজ করার অনুমতি পেতে পারেন। আপনার আবাসন কেন্দ্রের কর্মীরা আপনাকে এ বিষয়ে আরও বিস্তারিত জানাবেন।

যদি আপনি ৫ মাসের বেশি সময় ধরে প্রাথমিক সিদ্ধান্তের জন্য অপেক্ষা করে থাকেন এবং আপনার বয়স ১৬ বছর বা তার বেশি হয়, তাহলে আপনি কাজ করার অনুমতির জন্য আবেদন করতে পারেন।



১৪ বছরের কম বয়সী কোনো ছেলে বা মেয়ের কাজ করার অনুমতি নেই। আয়ারল্যান্ডে, কাজ করার সর্বনিম্ন বয়স ১৪ বছর (স্কুল ছুটির সময়ে হালকা কাজের জন্য), কিন্তু ১৬ বছরের কম বয়সী শিশুরা নিয়মিত পূর্ণকালীন চাকরি করতে পারে না। ১৬ এবং ১৭ বছর বয়সী তরুণ-তরুণীরা পূর্ণকালীন কাজ করতে পারে, কিন্তু তাদের কাজের সময়, বিরতি এবং দৈনিক, সাপ্তাহিক ও রাতের বিশ্রামের সময়কালের উপর কঠোর আইনি বিধিনিষেধ রয়েছে।



আপনি আপনার নাম ও ছবি সম্বলিত একটি ব্যক্তিগত ডিজিটাল নথি পাবেন।
এই কাগজটি দেখাবে যে আপনি এই দেশে অ্যাসাইলাম প্রার্থী।
আপনি সবসময় এই কাগজটা আপনার সঙ্গে রাখবেন। আপনার ফোন থাকলে, আপনি এটি তাতে সংরক্ষণ করতে পারেন।

এই নথিটি গুরুত্বপূর্ণ, তাই এটি যাতে হারিয়ে না যায় এবং অন্য কেউ না নিয়ে নেয় সে বিষয়ে সতর্ক থাকুন।

এই নথিটিকে আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী শংসাপত্র বলা হয়।

## ?

আপনি আর আপনার পরিবার যখন অ্যাসাইলামের আবেদন করেছেন, তখন কর্তৃপক্ষ আপনাদের আবেদনটি যাচাই করার সময় আপনারা কোথায় থাকবেন—তা আপনাদের অবস্থার ওপর নির্ভর করে।



আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবার কর্মীরা আপনাদের জানিয়ে দেবেন যে আপনাদের সবাইকে কোথায় থাকতে হবে, যেমন কোনো নির্দিষ্ট আবাসনে অথবা কোনো বিশেষ শহর বা অঞ্চলে।
এটা নির্ভর করবে জায়গা ফাঁকা আছে কি-না বা আপনার পরিবারের কী প্রয়োজন তার ওপর।

যদি আপনার পরিবার কিছুদিনের জন্য আশ্রয়কেন্দ্রের বাইরে থাকতে চান, বা শহর বা এলাকা ছাড়তে চান, তাহলে তাদের কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

আপনি ও আপনার পরিবার শুধুমাত্র কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানেই সহায়তা ও পরিষেবা পেতে পারেন।
কখনও খুব বিশেষ ক্ষেত্রে, পরিবারগুলো এমন কেন্দ্রে থাকতে পারে যেখানে তারা ইচ্ছেমতো বাইরে যেতে পারবেন না। যদি আপনারা এমন অবস্থায় থাকেন, তাহলে কর্মীরা আর আইনি পরামর্শদাতা আপনাদের সাহায্য করবেন।

**আপনারা যেখানেই থাকেন না কেন, আপনাদের অধিকার থাকবে:**




- **আপনার পরিবারের সঙ্গে থাকার**



- **যদি আপনি না জানেন আপনার পরিবারের কে কোথায় আছে, তাহলে তাদের খুঁজে পেতে সাহায্য পাওয়ার।**

**আপনার নিরাপদে থাকার অধিকার আছে। কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**



আপনাকে ভয় দেখানোর




আপনাকে অপমান করার



আপনার ক্ষতি করার


তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ। যদি আপনার মা-বাবা বা কর্মীদের সঙ্গে কোনো সমস্যা হয়, আপনি নির্ভয়ে সেটা জানাতে পারেন।

?



আপনি আপনার বিশ্বস্ত কোনো ব্যক্তি, পরিবারের সদস্য, অথবা আবাসন কেন্দ্র বা আন্তর্জাতিক সুরক্ষা অফিসের যেকোনো কর্মীর সাথে কথা বলতে পারেন।

যদি কেউ আপনার সাথে দুর্ব্যবহার করে, তবে এর পুনরাবৃত্তি এড়ানোর জন্য আপনি কর্তৃপক্ষের কাছে বিষয়টি জানাতে পারেন। একে 'অভিযোগ করা' বলা হয়।



**সাবধান!**

আপনি যদি আপনার বাসস্থানের বাইরে থাকেন এবং বিপদে পড়েন, তাহলে বিনামূল্যে জাতীয় জরুরি নম্বর ১১২ বা ৯৯৯-এ ফোন করতে পারেন।

## ?

সব সময় সত্য কথা বলা খুব জরুরি। কখনো নিজের কথা বলতে ভয় লাগতে পারে বা কঠিন মনে হতে পারে, তবুও আপনাকে সাহস নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করতে হবে।

কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।



আপনি ও আপনার পরিবার যেখানেই থাকবেন, সেখানে কিছু নিয়মকানুন মেনে চলতে হবে। যেমন, আপনাকে অবশ্যই অন্যান্য বাসিন্দা ও কর্মীদের সম্মান করতে হবে এবং নীরবতার সময়ে গোলমাল করা যাবে না।

কর্মীরা আপনাদের বুঝিয়ে দেবে কী কী নিয়ম আছে আর যদি কেউ নিয়ম না মানে, তখন কী হতে পারে।

আপনি ও আপনার পরিবারের জন্য এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনারা:

- ✔ যে জায়গায় আছেন, সেই জায়গার নিয়ম মেনে চলবেন
- ✖ যে জায়গায় কর্তৃপক্ষ আপনাদের থাকতে বলেছেন, সেখান থেকে চলে যাবেন না
- ✔ এই দেশের আইন মেনে চলুন, যা কর্মীরা আপনাদের ব্যাখ্যা করবেন।

?



এরকম কিছু ঘটলে, আপনি আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কর্মীদের সাথে খোলাখুলি কথা বলতে পারেন এবং আপনার পরিস্থিতি ও কারণগুলো ব্যাখ্যা করতে পারেন।

কর্তৃপক্ষ বিষয়টি ভালোভাবে খতিয়ে দেখবে, আর যদি কোনো ব্যবস্থা নিতে হয়, তাহলে আপনার মা-বাবাকে জানাবে।



যেমন, যদি আপনার পরিবারের কেউ কর্তৃপক্ষ যেই জায়গায় থাকতে বলেছে, সেখান থেকে চলে যায়, তাহলে **ওই পরিবারের সদস্য কম সহায়তা পেতে পারে**।



যদি আপনার পরিবারের কেউ হিংস্র আচরণ করে, **তাহলে সে তার সহায়তার কিছু অংশ হারাতে পারে**। এমন হলে পুলিশকে ডাকা হতে পারে।

**আপনি ও আপনার পরিবার এখন আয়ারল্যান্ডে আছেন, যা একটি ইইউ+ দেশ। ইইউ+ দেশগুলো হলো:**

ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন, এবং সুইজারল্যান্ড।

## (EU+)

**আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কর্মীরা আপনাকে ও আপনার পরিবারকে এই গুরুত্বপূর্ণ নিয়মগুলো ব্যাখ্যা করবেন। আপনি যেকোনো সময় তাদের প্রশ্ন করতে পারেন।**



- ✅ আপনাকে ও আপনার পরিবারকে অবশ্যই আয়ারল্যান্ডে থাকতে হবে এবং অন্য কোনো ইউরোপীয় ইউনিয়ন (ইইউ+) দেশ বা যুক্তরাজ্যে (উত্তর আয়ারল্যান্ড সহ) যাওয়া যাবে না।
- ✅ যদি আপনাদের পরিবারের কেউ এই দেশগুলোর কোনো একটিতে থাকে, তাহলে কর্তৃপক্ষ আপনাদের জানাবে কীভাবে পরিবারের সবাই আবার একত্রে থাকতে পারবেন। শুধু চলে যাবেন না।

আপনি হয়তো এই দেশ ছেড়ে যাওয়ার কথা ভাবছেন, অথবা কেউ আপনাকে চলে যেতে বলতে পারে। এটি আপনার জন্য খুবই বিপজ্জনক হতে পারে। আপনি ও আপনার পরিবার আপনাদের আবাসন কেন্দ্রের কর্মীদের সাথে কথা বলে নিজেদের পরিস্থিতি ব্যাখ্যা করতে পারেন। সেখানকার কর্মীরা আপনাকে সঠিক পরামর্শ দিতে পারবেন।


- ❌ যদি আপনারা চলে যান, তাহলে তার ফল খারাপ হতে পারে, যার সমন্ধে এই ব্রোশিওরে বিস্তারিত ভাবে লেখা আছে। যেমন, অন্য দেশে গেলে আপনারা আগের মতো সহায়তা পাবেন না।

- ✅ মনে রাখুন, আপনারা প্রথম যে ইউরোপিয়ান ইউনিয়ান (EU+) দেশে এসেছিলেন, সেখানেই আপনাদের অ্যাসাইলামের আবেদন জমা দিতে হবে, যদি না কর্তৃপক্ষ আপনাদের অন্য কিছু করতে বলে।

- ✅ এই দেশগুলোর মধ্যে কেবল একটিই আপনার আশ্রয়ের আবেদনপত্র খতিয়ে দেখবে। আয়ারল্যান্ডের কর্তৃপক্ষ আপনাকে জানিয়ে দেবে কোন দেশ আপনার আবেদনপত্রটি খতিয়ে দেখবে।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

## (EU+) ,
## ?




### আয়ারল্যান্ডে:

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউরের আবেদন প্রক্রিয়া থেমে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাদের সেই দেশেই ফেরত পাঠানোর, যেখান থেকে আপনারা এসেছিলেন।

যখন কর্তৃপক্ষ আপনাদের জানাবে যে আপনাদের ফেরত পাঠানো হবে, তখন থেকেই আপনারা কিছু অধিকার হারাবেন। যেমন:

- আপনারা কিছু ধরনের সহায়তা পাবেন না এবং
- আপনারা আর কাজ করতে পারবেন না।

## , ?



আপনারা একজন আইনি পরামর্শদাতার কাছে সাহায্য চাইতে পারেন। একজন আইনি পরামর্শদাতা এমন একজন ব্যক্তি, যিনি এই দেশের নিয়ম-কানুন ভালোভাবে জানেন। তিনি আপনাদের পরিস্থিতি বুঝে আপনাদের সাহায্য করতে পারেন।

কর্মীরা আপনাদের বেসরকারী সংস্থা সম্পর্কে অবহিত করবেন যারা আপনাদের তথ্য এবং সহায়তা প্রদান করতে পারেন।




আপনারা চাইলে যেকোনো সময় জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR)-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## , ?

যদি আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কর্তৃপক্ষ ১৩ পৃষ্ঠায় বর্ণিত পরিস্থিতির কারণে আপনার পরিবারের কোনো সদস্যের প্রাপ্ত সহায়তা হ্রাস বা বন্ধ করার সিদ্ধান্ত নেয়, তাহলেও সেই সদস্য তার নিজস্ব পরিস্থিতি ও প্রয়োজন অনুযায়ী কিছু সহায়তা পেতে থাকবেন। তিনি তখনও ডাক্তার বা নার্সের কাছে যেতে, চিকিৎসা গ্রহণ করতে, খাবারের মতো কিছু সহায়তা পেতে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোনো স্থানে ঘুমানোর জায়গাও পাবেন।



যদি কর্তৃপক্ষ আপনাদের রিসেপশন সহায়তা বন্ধ করে দেয়, কারণ আপনারা অন্য কোনো ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশে গিয়েছিলেন, তবুও আপনারা কিছু সহায়তা পেতে থাকবেন, আর সেটা আপনাদের পরিস্থিতি ও প্রয়োজনের ওপর নির্ভর করবে।

আপনি তবুও স্কুলে যেতে পারবেন।

যদি আপনার এবং আপনার পরিবারের আপনার প্রশ্ন থাকে বা আপনাদের থাকার সময় কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনারা কর্মরত কর্মীদের সাথে কথা বলতে পারেন:

## রিসেপশন কর্তৃপক্ষ

| | |
|---|---|
| An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce<br>Department of Justice, Home Affairs and Migration | আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা বিচার, স্বরাষ্ট্র ও অভিবাসন বিভাগ। ৫১ সেন্ট স্টিফেন'স গ্রিন, ডাবলিন ২, ডি০২ এইচকে৫২<br><br>ই-মেইল: IPASinboc@justice.ie |

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| | |
|---|---|
| An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce<br>Department of Justice, Home Affairs and Migration | আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর<br>বিচার, স্বরাষ্ট্র ও অভিবাসন বিভাগ<br><br>ই-মেইল: https://ipo.irishimmigration.ie |

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| | |
|---|---|
| TUSLA | TUSLA – শিশু ও পরিবার সংস্থা<br>দ্য ব্রুনেল বিল্ডিং, হিউস্টন সাউথ কোয়ার্টার, সেন্ট জন'স রোড ওয়েস্ট, ডাবলিন ৮, D08 X01F<br><br>ওয়েবসাইট: Tusla - Child and Family Agency |

নিম্নলিখিত বিষয়গুলির সাথে সম্পর্কিত প্রশ্নের জন্য আপনারা এই সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেন:

## চিকিৎসা সহায়তা

| | |
|---|---|
|  | চিকিৎসাজনিত জরুরি অবস্থায়, ৯৯৯ বা ১১২ নম্বরে ফোন করে অ্যাম্বুলেন্সের জন্য অনুরোধ করুন।<br>ডাক্তারের সাথে কীভাবে দেখা করবেন, সে বিষয়ে আপনার প্রতিনিধির সাথে কথা বলুন। তারা আপনাকে একজন জিপি (ডাক্তার)-এর কাছে নিবন্ধন করতে সাহায্য করবে। |

## মানসিক-সামাজিক সাপোর্ট



আইরিশ রেড ক্রস আন্তর্জাতিক সুরক্ষা প্রত্যাশীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য এখানে তাদের ওয়েবসাইট দেখুন।
এইচএসই কর্ক ও কেরি পরিষেবা (তথ্যের জন্য এখানে দেখুন)
আরবি এবং ফারসি ভাষায় নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে অনলাইন ভিডিও সরবরাহ করে:
মানসিক আঘাত ও পিটিএসডি
ঘুমের সমস্যা ব্যবস্থাপনা
উদ্বেগ
অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যা।

আইরিশ রিফিউজি কাউন্সিল আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষা প্রত্যাশীদের সহায়তা প্রদানকারী সংস্থাগুলো সম্পর্কে তথ্য প্রদান করে (মানচিত্র দেখুন)।

## শিশু সুরক্ষা



শিশু ন্যায়পাল
মিলেনিয়াম হাউস, প্রথম তলা, ৫২-৫৬ গ্রেট স্ট্র্যান্ড স্ট্রিট, ডাবলিন ১, ডি০১ এফ৫পি৮
ওয়েবসাইট: আয়ারল্যান্ডে শিশুদের অধিকার সুরক্ষা । শিশু ন্যায়পাল (oco.ie)

## বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন



যদি আপনি অবহেলিত বা বিপদগ্রস্ত বোধ করেন, তাহলে বিনামূল্যে ১১৯ বা ৯৯৯ নম্বরে ফোন করতে পারেন।
যেকোনো শিশু বা কিশোর-কিশোরী 1800 66 66 66 নম্বরে ফোন করে অথবা Childline.ie ওয়েবসাইটে অনলাইনে চ্যাট করার মাধ্যমে দিনে ২৪ ঘন্টা চাইল্ডলাইনের সাথে যোগাযোগ করতে পারে।
যদি আপনার ভাই, বোন বা বন্ধু হারিয়ে যায়, তাহলে আপনি কল করতে পারেন হটলাইন 116 000 - Missing Children Europe

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ড সিটিওয়েস্ট কাউন্সেলিং সার্ভিসে আপনাকে আইনি পরামর্শ প্রদান করা হবে। আপনি সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ডের কাছে অথবা এই ৩টি আইন কেন্দ্রের যেকোনো একটিতে আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্বের (আইনি সহায়তা) জন্য আবেদন করতে পারেন:

ডাবলিন: স্মিথফিল্ড আইন কেন্দ্র 📞 (01) 646 9600

কর্ক: পোপস কোয়ে আইন কেন্দ্র 📞 087 945 1132

গালওয়ে: গালওয়ে আইন ও পরিবার মধ্যস্থতা কেন্দ্র 📞 091 568 467 / 01 646 9637

## জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)

শরণার্থী এবং অ্যাসাইলাম প্রার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে।




আয়ারল্যান্ডে ইউএনএইচসিআর (UNHCR) অফিসটি মেরিয়ন হাউস, স্যুট ৪, ১-৩ লোয়ার ফিটজউইলিয়াম স্ট্রিট, ডাবলিন ২, আয়ারল্যান্ড-এ অবস্থিত।

ওয়েবসাইট: https://help.unhcr.org/

ইমেইল: iredu@unhcr.org

ফোন (সুরক্ষা ইউনিট): +353 1 631 4613

যদি তোমার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় এবং তুমি বিপদে পড়ো, তাহলে তোমার বাবা-মা এবং আবাসন কেন্দ্রের কর্মীদের জানাও। তাঁরা তোমাকে সাহায্য করবেন!

যদি আপনি এবং আপনার পরিবার নিজেদের বাসস্থানের বাইরে থাকেন এবং আপনাদের কোনো দুর্ঘটনা ঘটে বা বিপদে পড়েন, আপনারা বিনামূল্যে এই জরুরি নম্বরগুলোতে কল করতে পারেন:

**জরুরি চিকিৎসা পরিস্থিতি: 112 or 999**

**পুলিশ: 112 or 999**

যদি আপনাদের ফোন না থাকে, আপনারা কাউকে বলতে পারেন যেন সে আপনাদের হয়ে জরুরি নম্বরে ফোন করে।

EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce
Department of Justice, Home Affairs and Migration

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো
ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025